গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বেতাগী, বরগুনা ।
www.betagi.barguna.gov.bd

| | | |
|---|---|---|
| সভার নাম | : | উপজেলা আইসিটি কমিটির সভা। |
| স্থান | : | উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ। |
| তারিখ ও সময় | : | ০১.১০.২০১৯ সকাল : ১১-০০ টা। |
| সভাপতি | : | মোঃ রাজীব আহসান<br>উপজেলা নির্বাহী অফিসার<br>বেতাগী, বরগুনা। |

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। সভায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাও, ঢাকা এর স্মারক নং-৫৬.০০.০০০০.০১৯.৩৮.০২৮.১৬-১১০; তারিখঃ ১৪/০৭/১৯ খ্রি. এর প্রজ্ঞাপনটি পড়ে শুনানো হয় । সভার উপস্থিত সদস্যগণের নিকট নিজ প্রতিষ্ঠান এর আইসিটি বিষয়ক কার্যক্রম সংক্রান্ত বর্তমান অবস্থা সম্পর্কে জানতে চাওয়া হয়। সভাপতি মহোদয় উপজেলা আইসিটি সংক্রান্ত সকল কর্মসূচি বাস্তবায়নের বিষয়ে উপস্থিত সকলকে অনুরোধ জানান। সভাপতি মহোদয় গত ২৫ সেপ্টেম্বর ২০১৯ ইং তারিখ এ বরগুনা জেলা প্রশাসক এর সম্মেলন কক্ষে অনুষ্ঠিত **মাননীয় প্রতিমন্ত্রী জনাব জুনাইদ আহমেদ পলক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ** এর মত বিনিময় সভায় আলোচিত বিষয়বস্তু সম্পর্কে উপস্থিত সকলকে অবহিত করেন। এছাড়া মাননীয় প্রতিমন্ত্রী মহোদয় এর নির্দেশনা অনুযায়ী ময়মনসিংহ জেলার আইসিটি সভায় উল্লেখিত এজেন্ডা এবং প্রয়োজনীয় দিকনির্দেশনা সমূহ আলোচনা করা হয়। এরপর সভাপতি মহোদয় ডিজিটাল সিকিউরিটি অ্যাক্ট-২০১৮ নিয়ে বিস্তারিত আলোচনা করেন। সর্বশেষে উপজেলা চেয়ারম্যান এবং উপজেলা আইসিটি কমিটির উপদেষ্টা জনাব মোঃ মাকসুদুর রহমান ফোরকান মহোদয় বক্তব্য রাখেন এবং আইসিটি এর ব্যবহার বাড়ানোর জন্য দিকনির্দেশনা দেন।

সভায় গত ২৯ আগস্ট ২০১৯ এর উপজেলা আইসিটি কমিটির মিটিং এর সিদ্ধান্ত অনুযায়ী আরও কিছু সদস্য কো-অপট করে নিম্নরূপ উপজেলা কমিটি গঠন করা হয়।

## উপজেলা আইসিটি বিষয়ক কমিটিঃ-

| ক্রম | কমিটির সদস্য | পদ |
|---|---|---|
| | মাননীয় সংসদ সদস্য | উপদেষ্টা |
| | চেয়ারম্যান, উপজেলা পরিষদ | উপদেষ্টা |
| ১ | উপজেলা নির্বাহী অফিসার | সভাপতি |
| ২ | উপজেলা ভাইস চেয়ারম্যান | সদস্য |
| ৩ | উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান | সদস্য |
| ৪ | সহকারি কমিশনার (ভূমি) | সদস্য |
| ৫ | উপজেলা কৃষি কর্মকর্তা | সদস্য |
| ৬ | উপজেলা মৎস্য কর্মকর্তা | সদস্য |
| ৭ | উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা | সদস্য |
| ৮ | অফিসার-ইন-চার্জ (পুলিশ বিভাগ) | সদস্য |
| ৯ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | সদস্য |
| ১০ | উপজেলা শিক্ষা কর্মকর্তা | সদস্য |
| ১১ | উপজেলা সহকারী শিক্ষা কর্মকর্তা | সদস্য |
| ১২ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা | সদস্য |
| ১৩ | ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়ের স্থানীও বিভাগীয় প্রধান | সদস্য |
| ১৪ | অধ্যক্ষ, বেতাগী সরকারী কলেজ | সদস্য |
| ১৫ | অধ্যক্ষ, বেতাগী গার্লস স্কুল এন্ড কলেজ | সদস্য |
| ১৬ | প্রধান শিক্ষক, বেতাগী পাইলট উচ্চ বিদ্যালয় | সদস্য |

| | | |
|---|---|---|
| ১৭ | সভাপতি, প্রেস ক্লাব, জনাব মিজানুর রহমান মজনু | সদস্য |
| ১৮ | সংবাদ কর্মী, শামিম শিকদার | সদস্য |
| ১৯ | তথ্য সেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প | সদস্য |
| ২০ | উপজেলা একাডেমিক সুপারভাইজর | সদস্য |
| ২১ | আইসিটি বিষয়ক শিক্ষক (বেতাগী উপজেলায় শেখ রাসেল ডিজিটাল ল্যাব যুক্ত বিদ্যালয় সমূহের) | সদস্য |
| ২২ | উপজেলা ইউনিয়ন ডিজিটাল সেন্টার এর উদ্যোক্তা (সকল) | সদস্য |
| ২৩ | সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বেতাগী, বরগুনা | সদস্য-সচিব |

সভায় উপস্থিত সদস্যগন তাদের গৃহীত সমস্যা সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন। এবং আলোচনার প্রেক্ষিতে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

**সিদ্ধান্ত সমুহঃ**

০১। শেখ রাসেল ডিজিটাল ল্যাব এর কার্যক্রম যথাযথ ভাবে বাস্তবায়িত হয় তা মনিটরিং ও সহযোগিতা করার জন্য সহকারী প্রোগ্রামার কে অনুরোধ করা হয়। এছাড়া ক্যাডার অফিসার দের কে শেখ রাসেল ডিজিটাল ল্যাব পরিদর্শন এবং শিক্ষকদের প্রয়োজনীয় পরামর্শ দেয়ার জন্য অনুরোধ জানানো হয়।

০২। উপজেলা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা অফিসার সকল শিক্ষা প্রতিষ্ঠানের শেখ রাসেল ডিজিটাল ল্যাবগুলো মনিটরিং করে প্রতিবেদন দিবেন।

০৩। শেখ রাসেল ডিজিটাল ল্যাবগুলোতে শিক্ষার্থীদের প্রশিক্ষন নিশ্চিত করতে হবে। প্রতি কম্পিউটার এ দুই পাশে দুটি টুল ব্যবহার করে ৩ জন শিক্ষারথীকে বসাতে হবে। এতে করে এক ব্যাচ এ বেশি শিক্ষার্থী প্রশিক্ষন গ্রহণ করতে পারবে।

০৪। ইন্টারনেট কানেকশনের গতি বৃদ্ধির জন্য ইন্টারনেট এর অপব্যবহার বন্ধ রাখতে হবে।

০৫। শিক্ষা প্রতিষ্ঠান এ আইসিটি এর ব্যবহার ত্বারান্বিত করার জন্য শিক্ষকদেরকে "শিক্ষক বাতায়ন" এর ওয়েবসাইট থেকে কন্টেন্ট গুলো ডাউনলোড করে মাল্টিমিডিয়া ক্লাস রুম এ ক্লাস নেয়ার জন্য নির্দেশনা দেয়া হয়।

০৬। শেখ রাসেল ডিজিটাল ল্যাব এর নষ্ট সরঞ্জামাদি দ্রুত মেরামতের জন্য নির্দেশনা দেয়া হয়। সরঞ্জামাদি মেরামতের জন্য স্থানীয় ভাবে সমাধান করার নির্দেশনা দেয়া হয়।

০৭। ক্লাস রুটিন এর সাথে সমন্বয় করে ল্যাব ব্যবহারের সংখ্যা বাড়াতে হবে।

০৮। যে কোন শিক্ষক ল্যাব ব্যবহার করতে পারবে।

০৯। বেতাগী সরকারী কলেজের অধ্যক্ষ শিক্ষকদের আইসিটি বিষয়ক ট্রেইনিং এর প্রয়োজনীয়তা উল্লেখ করেন। এক্ষেত্রে সহকারী প্রোগ্রামার কে শেখ রাসেল ডিজিটাল ল্যাব ভিজিট এর সময় শিক্ষকদের প্রয়োজনীয় পরামর্শ দেয়া এবং ল্যাব এ একটা ক্লাস নেয়ার জন্য অনুরোধ করা হয় ।

১০। বেতাগী উপজেলার সকল দপ্তরকে দ্রুত তাদের নিজ দপ্তরের ওয়েব পোর্টাল শতভাগ হালনাগাদ (বাংলা ও ইংরেজি উভয় ভার্সন) করার জন্য অনুরোধ করা হয়।

১১। বেতাগী উপজেলায় ইন্টারনেট এর গতি বাড়ানোর জন্য সংশ্লিষ্ট ইন্টারনেট সার্ভিস প্রোভাইডার দের দ্রুত ব্যাবস্থা নেয়ার জন্য অনুরোধ করা হয়।

১২। আইসিটি কার্যক্রমে এম. পি. মহোদয়ের সম্পৃক্ত করতে হবে।

১৩। একজন উদ্যোক্তার কার্যক্রম স্থগিত করার অভিযোগ এর প্রেক্ষিতে উপজেলা চেয়ারম্যান, মাননীয় উপদেষ্টা মহোদয় অসন্তোষ প্রকাশ করেন এবং দ্রুত ব্যাবস্থা নেয়ার জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ এর চেয়ারম্যানকে নির্দেশনা দেন।

১৪। যে সকল উদ্যোক্তা আরও উদ্যোক্তা তৈরি করতে আগ্রহী বা নিজ উদ্যোগে নতুন আয়ের উৎস তৈরি করতে সক্ষম তাদেরকে উপজেলা প্রশাসন হতে প্রয়োজনীয় সহায়তা প্রদান করবে। কোন উদ্যোক্তা চাইলে তার ইউডিসি এর শাখা স্থানীয় বাজারে খুলতে পারবে।

১৫। ইউডিসি এর উদ্যোক্তাদের ফ্রিল্যান্সিং এন্ড আউটসোর্সিং এর উপর কোন প্রশিক্ষন এর ব্যাবস্থা করা যায় কিনা সে বিষয় এ সহকারী প্রোগ্রামার কে পরিকল্পনা করার জন্য নির্দেশনা দেয়া হয়।

গত ২৫ সেপ্টেম্বর ২০১৯ ইং তারিখ এ বরগুনা জেলা প্রশাসক এর সম্মেলন কক্ষে অনুষ্ঠিত **মাননীয় প্রতিমন্ত্রী জনাব জুনাইদ আহমেদ পলক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ** এর মত বিনিময় সভায় বেতাগী উপজেলা নির্বাহী কর্মকর্তা বেতাগী উপজেলায় আরও কিছু শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপনের প্রয়োজনীয়তা উল্লেখ করেন এবং শিক্ষা প্রতিষ্ঠান গুলোর অবকাঠামো এর ভিত্তিতে তিনি কয়েকটি প্রতিষ্ঠান এর নাম প্রস্তাব করেন। উক্ত শিক্ষা প্রতিষ্ঠান এর নাম গুলো রেজুলেশনে উল্লেখ করা হল-

১। বেতাগী সরকারী কলেজ, পৌরসভা।
২। বেতাগী ছালেহিয়া আলিম মাদ্রাসা, পৌরসভা।
৩। করুনা মোকামিয়া কামিল মাদ্রাসা, মোকামিয়া ইউনিয়ন।
৪। চান্দখালী ইসহাক মাধ্যমিক বিদ্যালয়, কাজিরাবাদ ইউনিয়ন।
৫। ভোড়া হাতেম আলী মাধ্যমিক বিদ্যালয়, সরিষামুড়ি ইউনিয়ন।

৯.১০.১৯

(মোঃ রাজীব আহসান)
উপজেলা নির্বাহী কর্মকর্তা,
বেতাগী, বরগুনা
ও
সভাপতি
উপজেলা আইসিটি বিষয়ক কমিটি,
বেতাগী বরগুনা।
ফোন: ০৪৪৫৪৫৬০০১
E-mail: unobetagi@mopa.gov.bd

স্মারক নং- ৫৬.০৪.০৪৪৭.০০১.০৬.০০১.১৯- ০৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরন করা হলো:

১। মাননীয় সংসদ সদস্য, ১১০ বরগুনা-২।
২। একাদশ জাতীয় সংসদ এর ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির সদস্য (সকল)।
৩। মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
৪। জেলা প্রশাসক, বরগুনা।
৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বেতাগী বরগুনা।
৬। উপজেলা........................কর্মকর্তা।
৭। জনাব/বেগম...................................।
৮। অফিস কপি।

৯.১০.১৯

(মোঃ ফাইজুল হক আরিফ)
সহকারী প্রোগ্রামার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
ও
সদস্য-সচিব
উপজেলা আইসিটি বিষয়ক কমিটি,
বেতাগী বরগুনা।